



ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

website: www.bb.org.bd



বিআরপিডি সার্কুলার লেটার নং- ৪৬

১৩ অক্টোবর ২০২১

তারিখঃ -----

২৮ আশ্বিন ১৪২৮

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**দরপত্রদাতাদের অনুকূলে ব্যাংক কর্তৃক প্রদত্ত Letter of Commitment for Bank's
Undertaking for Line of Credit প্রত্যাহার প্রসঙ্গে।**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক প্রণীত Standard Tender Document (National) For Procurement of Works এর অনুচ্ছেদ-৩২(ডি) তে উল্লেখিত ফর্ম Pw3-7 অনুযায়ী দরপত্রদাতার আর্থিক যোগ্যতা যাচাইয়ের অংশ হিসেবে Liquid Asset-এর সংস্থান বাবদ তফসিলি ব্যাংক কর্তৃক ইস্যুকৃত Letter of Commitment for Bank's Undertaking for Line of Credit দাখিল করতে হয় এবং এর মেয়াদ দরপত্র সংশ্লিষ্ট কাজটি সফলভাবে সম্পন্ন হওয়া পর্যন্ত বিদ্যমান থাকার বিধান রয়েছে।

২। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, কতিপয় ব্যাংক দরপত্র মূল্যায়নকালীন দরপত্রদাতার অনুকূলে ইস্যুকৃত Letter of Commitment for Bank's Undertaking প্রত্যাহার করে নেয় বিধায় সর্বনিম্ন দরপত্রদাতা অপেক্ষা অধিক মূল্য প্রদানকারী দরপত্রদাতার অনুকূলে সংশ্লিষ্ট কাজ করার জন্য এওয়ার্ড প্রদানের অবকাশ থাকে। ফলে একদিকে যেমন সরকারি কাজ বাধাগ্রস্ত হয় অন্যদিকে সরকার বিপুল অংকের আর্থিক ক্ষতির সম্মুখীন হয়।

৩। এক্ষণে, সরকারের অপ্রয়োজনীয় ব্যয় রোধকল্পে, সরকারি কাজ ত্বরান্বিত করার স্বার্থে এবং দরপত্র প্রক্রিয়ায় অধিকতর স্বচ্ছতা আনয়নের নিমিত্ত এ মর্মে নির্দেশনা প্রদান করা যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক প্রণীত Standard Tender Document (National) For Procurement of Works এর অনুচ্ছেদ-৩২(ডি) তে উল্লেখিত ফর্ম Pw3-7 অনুযায়ী ব্যাংক কর্তৃক ইস্যুকৃত Letter of Commitment for Bank's Undertaking সংশ্লিষ্ট Procuring Entity এর সম্মতি ব্যতিরেকে প্রত্যাহার করা যাবে না।

৪। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মাকসুদা বেগম)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০২৫২